## প্রজ্ঞাপন

তারিখ, ৩রা কর্তিক ১৪০০/১৮ই অক্টোবর, ১৯৯৩ ইং।

**এস,আর,ও নং ২০৮-আইন/৯৩।**—Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর section 44(4)(b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার কেবল অবসরপ্রাপ্ত সৈনিক এবং তাঁহাদের পোষ্যদের কল্যাণার্থে সেনা কল্যাণ সংস্থা কর্তৃক পরিচালিত নিম্নবর্ণিত প্রতিষ্ঠানসমূহের আয়কে উহার উপর আরোপণীয় কর (tax) হইতে অব্যাহতি প্রদান করিল, যথাঃ-

(১) মেসার্স সেনা কল্যাণ ভবন, ঢাকা।
(২) মেসার্স সেনা কল্যাণ সংস্থা ট্রেডিং হাউজ, ঢাকা।
(৩) মেসার্স এস, কে, টেক্সটাইল, ফতুল্লা, নারায়ণগঞ্জ।
(৪) মেসার্স সেনা কল্যাণ ভবন, খুলনা।
(৫) মেসার্স সেনা কল্যাণ সংস্থা বিক্রয় কেন্দ্র, খুলনা।
(৬) মেসার্স মংলা সিমেন্ট ফ্যাক্টরী, মংলা, খুলনা।
(৭) মেসার্স সেনা কল্যাণ সংস্থা প্রদর্শন ও বিক্রয় কেন্দ্র, চট্টগ্রাম।
(৮) মেসার্স সেনা কল্যাণ সংস্থা বিক্রয় কেন্দ্র, বগুড়া।
(৯) মেসার্স সেনা কল্যাণ সংস্থা বিক্রয় কেন্দ্র, সিলেট।

২। এই প্রজ্ঞাপন উপরে বর্ণিত কোন সংস্থার ক্ষেত্রে উহা যেই তারিখে সেনা কল্যাণ সংস্থার আওতায় ন্যস্ত করা হইয়াছে সেই তারিখ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

Bangladesh Tax Update
www.kdroy.com.bd/www.ltr.com.bd

রাষ্ট্রপতির আদেশক্রমে,
**ডঃ আকবর আলি খান**
সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অর্থ মন্ত্রণালয়**

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

**প্রজ্ঞাপন**

তারিখ, ০৪ শ্রাবণ ১৪১০/১৯ জুলাই ২০০৩

**এস,আর,ও নং ২১৬-আয়কর/২০০৩।**—Income-tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার অত্র বিভাগের ৩রা কার্ত্তিক, ১৪০০/১৮ই অক্টোবর, ১৯৯৩ ইং তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ২০৮-আইন/৯৩ দ্বারা অবসর প্রাপ্ত সৈনিক এবং তাঁহাদের পোষ্যদের কল্যাণার্থে পরিচালিত মেসার্স সেনা কল্যাণ ভবন, ঢাকা এবং মেসার্স সেনা কল্যাণ ভবন, খুলনা ব্যতীত অপর সাতটি প্রতিষ্ঠানসমূহকে উহাদের উপর আরোপণীয় আয়কর হইতে প্রদত্ত অব্যাহতি প্রত্যাহার করিল।

Bangladesh Tax Update
www.kdroy.com.bd/www.ltr.com.bd

রাষ্ট্রপতির আদেশক্রমে,
**তজম্মুল আলী চৌধুরী**
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)